



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/24/2022

গভর্নর ক্যাথি হোকল

ওয়াটারফ্রন্ট কমিশন সংরক্ষণের জন্য সুপ্রিম কোর্টের প্রাথমিক নিষেধাজ্ঞা মঞ্জুর করার বিষয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"ওয়াটারফ্রন্ট কমিশন থেকে নিউ জার্সির একতরফাভাবে প্রত্যাহার করা প্রতিরোধ করার উদ্দেশ্যে একটি প্রাথমিক নিষেধাজ্ঞা জারির জন্য আমাদের প্রস্তাব সুপ্রিম কোর্ট মঞ্জুর করেছে। নিউ ইয়র্ক আমাদের জবাব নথিভুক্ত করার 24 ঘণ্টারও কম সময়ের মধ্যে আসা এই দ্রুত সিদ্ধান্ত নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা এবং আমাদের অর্থনীতির স্বাস্থ্যের জন্য একটি বিজয়। বর্তমান ভূ-রাজনৈতিক অনিশ্চয়তার আলোকে, বন্দরে অপরাধ দমন এবং গুরুত্বপূর্ণ শিল্প সুরক্ষায় ওয়াটারফ্রন্ট কমিশনের কাজ আগের যেকোনো সময়ের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেটের পক্ষে এই মামলায় কাজ করার জন্য অ্যাটর্নি জেনারেল জেমস, সলিসিটর জেনারেল আন্ডারউড, এবং সমগ্র টিমকে আমি ধন্যবাদ জানাই। আমরা দুর্নীতি ও অপরাধ দমন এবং নিরাপদ পণ্য পরিবহনের জন্য নিউ ইয়র্কবাসীদের পক্ষে লড়াই চালিয়ে যাবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418